সমকাল

তারিখ ..0 6 JUL 2015.....
পৃষ্ঠা ... 2 ... কলাম .... 6 ......

সংসদে বিল পাস

# খুলনায় হচ্ছে কৃষি বিশ্ববিদ্যালয়

■ সমকাল প্রতিবেদক

কৃষিবিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সঙ্গে সঙ্গতি রক্ষা এবং জাতীয় পর্যায়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টির লক্ষ্যে খুলনায় কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হচ্ছে। এ নিয়ে গতকাল রোববার একটি বিল পাস করা হয়েছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম 'খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০১৫' সংসদে পাসের প্রস্তাব করেন। বিলটি কণ্ঠভোটে পাস হয়। গত ৯ মার্চ বিলটি সংসদে উত্থাপন করেন শিক্ষামন্ত্রী। পরে এটি পরীক্ষা করে সংসদে প্রতিবেদন দেওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়।

বিলের উদ্দেশ্য ও কারণ সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, কৃষি বিষয়ে উচ্চতর শিক্ষার প্রসার এবং কৃষির সঙ্গে সম্পৃক্ত আনুষঙ্গিক বিষয়ে উন্নত শিক্ষাদান, গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর এবং দেশীয় কৃষি উৎপাদন বৃদ্ধির স্বার্থে বিশ্বমানের প্রযুক্তি প্রয়োগ ব্যাপক সম্প্রসারণ করার নিমিত্তে প্রধানমন্ত্রীর ঘোষণার আলোকে শিক্ষা মন্ত্রণালয় হতে খুলনা অঞ্চলে একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।